ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি
ফোন-০৩৭১-৬২১৪৯ ফ্যাক্স-০৩৭১৬২১০

মাসিক সমন্বয় সভার কার্যবিবরণ
২য় সভা

সভাপতি : জনাব সুসময় চাকমা
তারিখ : ২৪ অক্টোবর/২০১৬
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : ইনস্টিটিউট সভা কক্ষ

অদ্য ২৪/১০/১৬ ইং তারিখ রোজ সোমবার সকাল ১০.৩০ ঘটিকার সময় ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভা ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের উপ পরিচালক জনাব সুসময় চাকমা। সভাপতি সবাইকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্য সূচীর আলোকে সভার কার্যক্রম শুরুর জন্য ইনস্টিটিউটের গবেষণা কর্মকর্তা জিতেন চাকমাকে অনুরোধ করেন। জিতেন চাকমা সভার আলোচ্য সূচীর আলোকে মতামত তুলে ধরার জন্য আহবান জানালে বিস্তারিত আলোচনা ও নিম্নে উল্লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী:**

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ,পর্যালোচনা ও অনুমোদন
২. বার্ষিক কর্ম কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন প্রসংগে
৩. ২০১৬-১৭ অর্থবছরের ক্রয় পরিকল্পনা
৪. বিবিধ

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী পাঠ,পর্যালোচনা ও অনুমোদন | সভাপতির অনুমতিক্রমে আলোচনায় অংশগ্রহন করে গবেষণা কর্মকর্তা জনাব জিতেন চাকমা সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যকবিবরণী পাঠ করেন। বিগত সভার সিদ্ধান্তের আলোকে কাজের অগ্রগতি সন্তোষজনক বলে সভাকে জানান। সভার সিদ্ধান্ত মোতাবেক ইনস্টিটিউটের জন্য সিটিজেন চার্টার গত মাসে তৈরী করে অফিসের সামনে টাঙ্গানো হয়েছে, প্রশিক্ষণ নিয়মিত মনিটরিং করা হচ্ছে, নৃত্য প্রশিক্ষণে সর্বমোট ৫০ জন ছাত্র/ছাত্রী ভর্তি হয়েছে এবং নিয়মিত ক্লাশ চলিতেছে। তবে নাট্য, সংগীত ও তবলা প্রশিক্ষণে ছাত্র ছাত্রী সন্তোষজনক নয়। আলোচনায় অংশ নিয়ে | ১. বিগত সভার কার্যবিবরণী দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্স দু বছরের জায়গায় চারবছর করে সবার সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরনী অনুমোদন করা হয়। গবেষণা কর্মকর্তা কর্তৃক ইনস্টিটিউটের প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করার সিদ্ধান্ত হয়। প্রশিক্ষকদের ছাত্র ছাত্রী বাড়ানোর জন্য উদ্যেগ গ্রহন |

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি
ফোন-০৩৭১-৬২১৪৯ ফ্যাক্স-০৩৭১৬২১০

| | | | |
|---|---|---|---|
| | | নৃত্য প্রশিক্ষক জনাব ফিফা চাকমা বলেন বিগত সভার কার্যবিবরণী পাঠে দেখা যায় দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্সের মেয়াদ দুই বছর, তিনি তা বাড়িয়ে চার বছর করার প্রস্তাব করেন। | করা সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ১. বিগত সভার কর্মসম্পাদন চুক্তির সিদ্ধান্ত মোতাবেক সকল কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা হচ্ছে এবং ২ জন কর্মচারী বেসিক অফিস মেনেজম্যান্ট ও ওয়েবসাইট মেইনটেনেন্স এ উপর ১৮ দিন এবং ১ মাসের প্রশিক্ষণে পাঠানো হয়েছে। বর্তমান তাদের কাজের অগ্রগতি সন্তোষজনক।<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন প্রসংগে জনাব জিতেন চাকমা বলেন ইতিমধ্যে নাচের উপর একটি বিশেষ প্রশিক্ষণ কর্মশালা "রায়বেঁশে লোকনৃত্য" বিগত ১০/১০/২০১৬ তারিখ হতে শুরু হয়েছে। কর্মসম্পাদন চুক্তি অনুসারে আগামী বছরের প্রথম দিকে ভারতে গিয়ে অনুষ্ঠান করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া অডিটেরিয়াম ভাড়া, প্রশিক্ষণের কোর্স এর সিলেবাস প্রনয়ন, যাদুঘর ও লাইব্রেরী ব্যবহারের জন্য নীতিমালা তৈরীর বিষয়ে আলোচনা করা হয়। | কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শুরুর জন্য প্রশিক্ষকদের তাগাদা প্রদান করা হল। কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের সহায়ক নীতিমালা তৈরীর জন্য গবেষণা কর্মকর্তাকে দ্বায়িত্ব প্রদান করা হয়। তিনি পরবর্তীতে খসড়া নীতিমালা নির্বাহী পরিষদে উপস্থাপন করবেন। |
| ২. | বার্ষিক ক্রয় পরিকল্পনা তৈরী | ক) বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক বার্ষিক কর্ম পরিকল্পনা তৈরী করা হয়েছে। খ) জনাব জিতেন চাকমা বলেন এই অর্থ বছরে জরুরী ভিত্তিতে জেনারেটরটি মেরামত করা প্রয়োজন। নিম্নে বার্ষিক ক্রয় পরিকল্পনা পেশ করা হল।<br>ইনস্টিটিউট বার্ষিক ক্রয় পরিকল্পনানুযায়ী<br>১. জেনারেটর মেরামত<br>২. অফিস ভবন মেরামত<br>৩. নৃত্য প্রশিক্ষণ রুমের জন্য আয়না স্থাপন<br>৪. সংগীত যন্ত্রপাতি ক্রয়<br>৫. যাদুঘরের জন্য আসবাবপত্র ও অন্যান্য মরঞ্জাম ক্রয়<br>৬. নৃত্যর জন্য বোতল, আদিবাসীর ড্রেস সংগ্রহ<br>৭. ষ্টেশনারী সামগ্রী ক্রয় | গবেষণা কর্মকর্তা কর্তৃক প্রস্তাবিত বার্ষিক ক্রয় পরিকল্পনানুযায়ী দুত বাস্তবায়নের পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত হয়।<br>বাস্তাবায়নকারীঃ গবেষণা কর্মকর্তা |
| ৩. | তথ্য অধিকার আইন ও অভিযোগ | বিগত ২১-০৮-২০১৬ তারিখ জনাব শতদল বড়ুয়া সম্পাদক ও প্রকাশক, দৈনিক কর্নফুলীর দর্পন, ইনস্টিটিউটের বরাবরে লিখিত পত্রে অভিযোগ করেছেন | অনিক কর্মকর্তাকে দ্রুত অভিযোগ নিস্পত্তির লক্ষে দুই |

| | | | |
|---|---|---|---|
| | নিস্পত্তি | যে তার পত্রিকার হিসাবের অনুকুলে পরিশোধিত বিজ্ঞাপনের টাকা বুঝিয়া পাননি বলে অভিযোগ করেছেন। এবিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য আবেদন করেছেন। অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা জনাব জিতেন চাকমা সভাকে জানান চেকটি পরিক্ষান্তে জানা যায় পত্রিকার স্থানীয় প্রতিনিধি জনাব রিপন সরকার পত্রিকার নামে এবং হিসাবের অনুকুলে তৈরীকৃত চেকটি বিগত ২৪-০৬-২০১৬ নিয়ে যান। ব্যাংক হিসাব বিবরনীতে দেখা যায় তিনি বিগত ২০শে জুলাই নগদ উত্তোলন করেন। | পক্ষকে হাজির হওয়ার জন্য প্রত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪. | বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগীতা | ১. ইনস্টিটিউট এর কার্যক্রম গতিশীলতা আনয়নের জন্য বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগীতা আয়োজন করার জন্য ইনস্টিটিউটের নৃত্য প্রশিক্ষক জনাব ফিফা চাকমা প্রস্তাব প্রদান করেন । | উৎসব/অনুষ্ঠান খাতে চলতি অর্থবছরে বাজেট সংকুলান না হওয়ায় তা বাস্তবায়ন করা সম্ভব হবে না মূলে সিদ্ধান্ত হয়। |
| ৫. | বিবিধ | ১. বিবিধ আলোচনায় জনাব অতীশ চাকমা কর্তৃক পেশকৃত নৃত্য,নাটক,সংগীত,বাদ্যযন্ত্র,হলরুম ভাড়া ও বই বিক্রয় বাবদ লিখিত আয়ের বিবরণ জনাব জিতেন চাকমা পাঠ করে শোনান । বিবরণ অনুযায়ী নৃত্য প্রশিক্ষণার্থী ভর্তি বাবদ=৭৭৫০/ হলরুম ভাড়া বাবদ=৫০০০/ ও বই বিক্রয় বাবদ=৩৭৮২/ সর্বমোট=১৬,৫৮২/টাকা যথারীতি নথির মাধ্যমে ইনস্টিটিউট এর ব্যাংক হিসাব নং জমা করা হয়েছে মূলে পেশ করা হয়। আলোচনায় অংশ নিয়ে সংগীত প্রশিক্ষক জনাব অমলেন্দু মজুমদার বলেন পুর্বে ভর্তি ফি বাবদ তার নিকট ২০০০/ টাকা জমা রয়েছে।<br>২. পোশাক ব্যবহার বিষয়ে নীতিমালা তৈরী আলোচনা হয়। | ১. নতিমালা অনুযায়ী যাবতীয় আয় ২৪ ঘন্টার মধ্যে ব্যাংক হিসাবের অনুকুলে জমাদানের সিদ্ধান্ত হয়। মাসিক যাবতীয় আয় প্রতি মাসে প্রতিবেদন আকারে পেশ করারও সিদ্ধান্ত হয়। জনাব অমলেন্দু মজুমদারের নিকট ভর্তি ফি বাবদ জমা টাকা শ্রীঘ্রিই জমাদানের জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>২. নাচের পোশাকসহ নাচের ব্যবহারী যাবতীয় উপকরন ভাড়া প্রদানের জন্য একটি নীতিমালার খসড়া তৈরীর জন্য গবেষণা কর্মকর্তাকে দ্বায়িত্ব প্রদান করা হয়। |

২। নির্ধারিত সকল বিষয়ে আলোচনার পর সভাপতি সকলকে গঠনমূলক আলোচনার জন্য ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

২। নির্ধারিত সকল বিষয়ে আলোচনার পর সভাপতি সকলকে গঠনমূলক আলোচনার জন্য ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।


(সুসময় চাকমা)
উপ পরিচালক
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি।
E mail: knsikhagrachari@gmail.com


স্মারক নং –ক্ষুনৃসাই/খাগড়াছড়ি/প্র: ২০১৬(১০) তারিখ ১৬/১০/২০১৬

অনুলিপি ও কার্যার্থে

১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

২। মামনীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

৩। জিতেন চাকমা,গবেষণা কর্মকর্তা ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি ।

৪। অফিস নথি।